গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

স্মারক নং- মুবিম/ প্রকল্প/ নঃ প্রঃ মুঃ চেঃ উঃ/ ফার্ম নিয়োগ/ ২০১৮/ ১১

তারিখ : ২৯ ফাল্গুন, ১৪২৪ / ১৩ মার্চ, ২০১৮

সূত্র: ৪৮.০০.০০০০.০০৮.১৪.২৩৯.১৬/১১৫

তারিখ: ১২-০৩-২০১৮ ইং

বিষয়: বিজ্ঞপ্তিটি প্রকাশ প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের নিমিত্ত ফার্ম নিয়োগের জন্য সংযুক্ত বিজ্ঞপ্তিটি তার দৈনিকের ভিতরের পাতায় আগামী ১৪/০৩/২০১৮ ইং তারিখের পত্রিকায় প্রকাশপূর্বক প্রকাশিত পত্রিকার ০২ (দুই) কপি প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: দরপত্র বিজ্ঞপ্তি ০২ (দুই) পাতা।

১৩-০৩-১৮
(শিবপদ মন্ডল)
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ প্রকল্প
ফোন: ৯৫৮৮৪৪২

প্রাপক:

১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক সমকাল,
১৩৬ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

২। বিজ্ঞাপন ম্যানেজার
The News Today,
শাহআলী টাওয়ার, ৩৩ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

অনুলিপি সদয় অবগিতর জন্য: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম-সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবল
(৭ম তলা), রুম নং-৭০৮
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

স্মারক ঃ মুবিম/প্রকল্প/নঃ প্রঃ মুঃ চেঃ উঃ/ফার্ম নিয়োগ/২০১৮/১২

তারিখ ঃ ২৯ ফাল্গুন, ১৪২৪
১৩ মার্চ, ২০১৮

বিষয় ঃ "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের নিমিত্ত ফার্ম নিয়োগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে স্মারক নং: ৪৮.০০.০০০০.০০৮.১৪.২৩৯.১৬/১১৫ তারিখ: ১২-০৩-২০১৮ ইং এর নির্দেশনা মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর পরিচালনায় মুক্তিযুদ্ধ জাদুঘরের মাধ্যমে বাস্তাবায়িত "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ডিপিপিতে উল্লেখিত সৃষ্ট নিম্নবর্ণিত পদসমূহ কেবলমাত্র প্রকল্পের মেয়াদকাল জুন, ২০২২ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য অর্থ বিভাগ হতে জারিকৃত বেতনস্কেল ২০১৫ অনুযায়ী সাকুল্যে (Consolidated) বেতন আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট স্বীকৃত ফার্ম/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	প্রোগ্রামার (আর্কাইভ), গ্রেড-৬	১ (এক)	বি.এস.সি/বি.এ/বি.এস.এস/এম.এস.সি/এম.এস.এস/এম.এ কম্পিউটার সাইন্স-এ উচ্চতর প্রশিক্ষণ
০২	সহকারি পরিচালক, গেড-৯	২ (দুই)	বি.এ/বি.এস.এস/বি.কম/বি.এস.সি
০৩	শিক্ষা কর্মকর্তা, গ্রেড-৯	২ (দুই)	বি.এ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম
০৪	প্রোগ্রাম অফিসার (আউটরিচ), গ্রেড-৯	১ (এক)	বি.এ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম
০৫	সহকারী প্রোগ্রামার (আর্কাইভ), গ্রেড-৯	১ (এক)	বি.এস.সি/বি.এ/বি.কম/ কম্পিউটার সাইন্স-এ ডিপ্লোমা
০৬	অডিও ভিজ্যুয়াল অফিসার, গ্রেড-১০	১ (এক)	বি.এস.সি/বি.এ/বি.কম/ কম্পিউটার সাইন্স-এ ডিপ্লোমা
০৭	সহকারী প্রোগ্রাম অফিসার (শিক্ষা) গ্রেড-১০	২ (দুই)	বি.এ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম
০৮	সহকারী প্রোগ্রাম অফিসার (আউটরিচ), গ্রেড-১০	১ (এক)	বি.এস.এস/ বি.এ/ বি.এস.সি/ বি.কম
০৯	হিসাব রক্ষক, গ্রেড-১৪	১ (এক)	বি.কম
১০	গাড়ী চালক, (ভারী), গ্রেড-১৫	৪ (চার)	অষ্টম শ্রেণী/এস.এস.সি
১১	প্রোগ্রাম এসিস্ট্যান্ট, গ্রেড-১৬	৪ (চার)	অষ্টম শ্রেণী/এস.এস.সি

শর্তাবলীঃ

দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী ফার্ম/প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র দাখিল করতে হবে। প্রার্থীদের জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতাপত্রসহ প্রতিটি পদের দরপ্রস্তাব উল্লেখপূর্বক নিম্নোক্ত "ছক" মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় প্রকল্প পরিচালক, "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা বরাবর দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রকল্পের কাজ করতে সম্মত হয়েছেন। অসম্পূর্ণ দরপ্রস্তাব বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কাগজপত্র ১ম শ্রেণীর গেজেটে কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	কর্মচারীদের মাসিক সাকুল্য বেতন(জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসরণ আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী	প্রতিষ্ঠানের মাসিক সার্ভিস চার্জ	ভ্যাট ও অন্যান্য ব্যয়	১ জন বাবদ প্রতিষ্ঠানের মোট দর
১	২	৩	৪	৫	৬	৭	৮

(১) আগামী ২৭/০৩/২০১৮ খ্রি: তারিখের বেলা ০২.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা এ রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। একই তারিখে বেলা ০২.৩০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্রসমূহ দাখিলকারিগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্রের সাথে প্রকল্প পরিচালক, "নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ" শীর্ষক প্রকল্প, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৭ম তলা), রুম নং-৭০৮, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা বরাবর ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পে অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে দাখিল করতে হবে।

(২) প্রস্তাব যাচাইয়ে যাদের প্রস্তাব বিবেচিত হবে কেবল সেই প্রার্থীদের ইন্টারভিউ এর জন্য ডাকা হবে। ইন্টারভিউ ২৮/০৩/২০১৮ ইং তারিখ বেলা ১২ টায় গ্রহণ করা হবে। ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৩) চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্পের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তি সম্পাদন করতে হবে।

(৪) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে। চুক্তিকালীন কোন বিষয় নিয়ে দুপক্ষের মধ্যে মতানৈক্য দেখা দিলে সালিশী নিয়ামানুযায়ী তা নিষ্পত্তি ব্যতীত কোন পক্ষই আদেলতের শরণাপন্ন হতে পারবেন না।

(৫) প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে প্রকল্প পরিচালকের নির্দেশ ও চহিদামত দায়িত্ব পালন করতে হবে।

(৬) সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপর্যুক্ত জনবল সরবরাহ করতে হবে।

(৭) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ০১ (এক) বছরে বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে প্রকল্প কার্যালয়ে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

(৮) আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর দক্ষতা, অবহেলার কারণে প্রকল্পের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার সমুদয় দায়িত্ব বহন করতে হবে।

(৯) অর্থ বিভাগে, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮, তারিখ: ২৭/০১/২০১৬ খ্রি: মোতাবেক জারিকৃত পরিপত্র ছকের ৭ নং কলামের (অন্যান্য স্থানের জন্য) নির্দেশনা অনুযায়ী বেতন/ভাতাদি এবং পরিপত্রের ১ ও ২ নং শর্তাবলী প্রতিপালনপূর্বক প্রাপ্য সুবিধাদি প্রস্তাব করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।

(১০) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকারের আউটসোর্সিং নীতিমালা, ২০০৮ এবং ২০/০৯/২০১২ তারিখের পরিপত্র অনুসরণ করতে হবে। তাছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/০৮/২০১২ ও ২২/১২/২০১৩ তারিখের মূসক (ভ্যাট) সংক্রান্ত ও উৎস আয়কর সংক্রান্ত বিষয়ে জারীকৃত বিধিবিধান অনুসরণ করতে হবে।

(১১) জনবলের দায়িত্ব/জবাবদিহিতা সম্পর্কে বিস্তারিত তথ্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েব সাইড (www.molwa.gov.bd) থেকে জানা যাবে।

২৬-০৩-১৮

(শিবপদ মন্ডল)
প্রকল্প পরিচালক (উপ-সচিব)
নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ প্রকল্প
ফোন- ৯৫৮৮৪৪২

প্রাপক:

১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক সমকাল,
১৩৬ তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

২। বিজ্ঞাপন ম্যানেজার
The News Today,
শাহআলী টাওয়ার, ৩৩ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

অনুলিপি সদয় অবগতির জন্য: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম-সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি/গার্ড ফাইল।